

Playing with your baby

Play is the main way that babies and toddlers learn about the world. With your help, it's also a wonderful way to support their language development.

- As a parent, you are your child's best playmate so try to spend time every day playing together.
- Newborns love physical play, especially when you gently tickle their face or count their fingers and toes.
- When your baby gets a little older and stronger, offer her lots of toys or things that are safe to go into her mouth, and talk about the objects for her.
- Make lots of play sounds to go with what's happening, like "brmm, brmm" as you push a car along. That way, your baby will hear different speech sounds and learn that listening to voices is fun.
- Your baby will love hearing the same little rhymes and stories, and playing games like peek-a-boo, over and over again.
- You don't need lots of toys to play – your baby can play with safe, simple things around the house. But toy libraries offer toys on loan for free or a small fee. For your nearest call 020 7255 4604.
- As your baby gets older, don't try to teach him anything during play. Your child will learn best if he chooses what to play, and you follow his lead.



© Posy Simmonds

আপনার বাচ্চার সঙ্গে খেলা করা

খেলাধুলা হলো বাচ্চাদের ও শিশুদের আমাদের এই জগৎ সম্পর্কে জানার প্রধান উপায়। আপনার সাহায্য নিয়ে, এটা তাদের ভাষা ব্যবহারের দক্ষতার বিকাশে সহায়তাদানেরও একটা চমৎকার উপায় হতে পারে।

- একজন মা কিংবা বাবা হিসাবে আপনিই হলেন আপনার বাচ্চার সবচেয়ে ভালো খেলার সাথী, সুতরাং তার সঙ্গে খেলা করার জন্য প্রতিদিনই সময় দেওয়ার চেষ্টা করুন।
- সদ্যজাত বাচ্চার শারীরিক খেলাধুলা পছন্দ করে, বিশেষ করে 'যখন আপনি তাদের মুখে হালকাভাবে সুড়সুড়ি দিচ্ছেন কিংবা তাদের হাত-পায়ের আঙুলগুলি গুণে খেলা করছেন।
- আপনার বাচ্চা আরেকটু বড় এবং মজবুত হয়ে ওঠার পর, তাকে প্রচুর খেলনা কিংবা এমন ধরনের জিনিস দিন যেগুলি সে মুখে দিলে ক্ষতি হওয়ার আশংকা নেই, এবং সেগুলি নিয়ে তার সঙ্গে কথা বলুন।
- খেলার সময় যা খেলছেন তার সঙ্গে মানানসই প্রচুর শব্দ করুন, যেমন একটা গাড়ি ঠেলে নিয়ে যাওয়ার সময় "ভ্রুম্ - ভ্রুম্" বা ঐ ধরনের আওয়াজ। এ সব করলে, আপনার বাচ্চা নানা ধরনের শব্দ শুনবে এবং এটাও শিখবে যে লোকজনের গলার আওয়াজ শোনা একটা মজার ব্যাপার।
- আপনার বাচ্চা বার বার একই ধরনের ছোট ছোট ছড়া ও গল্প শুনতে, এবং লুকোচুরি, টুকি দেওয়া ইত্যাদি খেলা অনেকবার ধরে খেলতে পছন্দ করবে।
- খেলার জন্য আপনাদের প্রচুর খেলনার দরকার নেই - আপনার বাচ্চা বাড়ির নানা নিরাপদ, সহজ জিনিসপত্র নিয়েই খেলতে পারে। তবে খেলনার লাইব্রেরীগুলি বিনা খরচে কিংবা নামমাত্র খরচে খেলনা ধার দেয়। 020 7255 4604 নম্বরে টেলিফোন করে' জেনে নিন আপনার সবচেয়ে কাছের লাইব্রেরী কোথায়।
- আপনার বাচ্চা বড় হয়ে ওঠার সাথে সাথে, খেলার সময়ে তাকে কিছু শেখানোর চেষ্টা করবেন না। আপনার বাচ্চা যা খেলতে চায় সেটা সে নিজেই বেছে নিতে পারলে সবচেয়ে ভালো শিখতে পারবে, এবং সে যা চায় তার সঙ্গে আপনিও তাই করুন।